দৈনিক ইত্তেফাক

তারিখ 08 APR 1991
পৃষ্ঠা ২ কলাম ৪

২০২

১৪

# তিনজন ছাত্র নেতার বহিষ্কারাদেশ প্রত্যাহারের আবেদন

বাসস জানায়, ডাকসু, চাকসু, রাকসু, জাকসু এবং ইকসুর ১৩ সদস্যের একটি প্রতিনিধিদল গতকাল (রবিবার) প্রেসিডেন্ট সচিবালয়ে অস্থায়ী প্রেসিডেন্ট

(২য় পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## বহিষ্কারাদেশ

(১ম পৃঃ পর)

বিচারপতি সাহাবুদ্দীন আহমদের সাথে সাক্ষাৎ করেন। তাহারা মানবিক কারনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের তিনজন বহিষ্কৃত ছাত্র নেতার বহিষ্কারাদেশ প্রত্যাহারের জন্য অস্থায়ী প্রেসিডেন্টের নিকট আবেদন জানান। এই তিনজন হইতেছে: আবদুল মালেক, ইলিয়াস আলী ও কামরুজ্জামান রতন। তাহারা অস্থায়ী প্রেসিডেন্টকে অবহিত করেন যে, বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাস সৃষ্টির জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ঐ তিনজনসহ মোট ১২ জন ছাত্রকে বহিষ্কার করেন। ঐ তিনজন ছাড়া অবশিষ্ট ৯ জন বহিষ্কারাদেশের বিরুদ্ধে কোর্টে মামলা দায়ের করিলে কোর্ট তাহাদের বহিষ্কারাদেশ অবৈধ ঘোষণা করে। তাহারা বর্তমানে বিশ্ববিদ্যালয়ে ফিরিয়া আসিয়াছে। কিন্তু ঐ তিনজন মামলা করে নাই।

অস্থায়ী প্রেসিডেন্ট বলেন যে, বিষয়টি সুবিবেচনার জন্য তিনি উহা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবেন। প্রতিনিধি দলের নেতৃত্ব দেন আমানুল্লাহ আমান এম পি।

এদিকে জাকসুর ভিপি সাইদুর রহমান রানার নেতৃত্বে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ছাত্র সংসদের ১১ সদস্যের একটি দল গতকাল অস্থায়ী প্রেসিডেন্ট বিচারপতি সাহাবুদ্দীন আহমদের সাথে সাক্ষাৎ করেন। তাহারা ছাত্রদের পরিবহন সমস্যা এবং ছাত্রীদের আবাসিক সমস্যা অস্থায়ী প্রেসিডেন্টকে অবহিত করেন। অস্থায়ী প্রেসিডেন্ট আবাসিক সমস্যাটি দেখার জন্য শিক্ষা মন্ত্রণালয়কে নির্দেশ দিবেন বলিয়া জানান।